



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.৪৯০০.০১৭.২৭.০০৪.২০২১-৪৫

তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।  
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


### প্রজ্ঞাপন

যেহেতু, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ০৪নং রৌমারী ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রবিউল করিম এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর ৩৬(১) সারণী-১০(ক) ধারায় রৌমারী থানায় দায়েরকৃত মামলা নং-০২, তারিখ: ০১/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, কুড়িগ্রাম বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ০৪নং রৌমারী ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রবিউল করিম এর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর ৩৬(১) সারণী-১০(ক) ধারায় রৌমারী থানায় দায়েরকৃত মামলা নং-০২, তারিখ: ০১/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলার ০৪নং রৌমারী ইউনিয়ন পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য জনাব মো: রবিউল করিম কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
২৭.০১.২০২১

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪৯০০.০১৭.২৭.০০৪.২০২১-৪৫


তারিখ: ০৩ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।  
১৭ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রতি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: রবিউল করিম, ইউপি সদস্য, ০১নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ০৪ নং রৌমারী ইউনিয়ন পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
২৭.০১.২০২১

(মো: আবুজাফর রিপন)

সিনিয়র সহকারী সচিব